# জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড

## (পেট্রোবাংলার একটি কোম্পানি)

## গ্যাস ভবন, মেন্দিবাগ,সিলেট ।

### ১৩-০৪-২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

তারিখ ঃ ১৭-০৪-২০২২

১৩ এপ্রিল, ২০২২ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় গ্যাস ভবনের কমিটি কক্ষে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর) ও নৈতিকতা কমিটির আহবায়ক, প্রকৌ. এ. বি এম শরীফ এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি এ সাথে সংযুক্ত করা হলো । সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে উল্লেখ করা হলো ঃ

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা | এ বিষয়ে কোম্পানি সচিব জানান,২০২১-২০২২ অর্থ বছরের ৩য় কোয়ার্টারে (জানুয়ারি হতে মার্চ,২০২২) সিলেট জেলার আরডিডি (সিলেট-মেট্রো- -এর আওতাধীন বৃহৎ শ্রেণির গ্রাহকদের অংশগ্রহণে অনলাইন সভা অনুষ্ঠিত হয়। আগামি মে,২০২২ এর ৩য় সপ্তাহের মধ্যে সিলেট জোনের আওতাভুক্ত গ্রাহকদের অংশগ্রহণে অংশীজনের সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | মে,২০২২ এর ৩য় সপ্তাহে সিলেট জোনের আওতাভুক্ত গ্রাহকদের অংশগ্রহণে অংশীজনের অনলাইন সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর)<br>২। কোম্পানি সচিব ও ফোকাল পয়েন্ট<br>৩। উপমহাব্যবস্থাপক (আরডিডি- সিলেট) |
| ১.৫ | টয়লেট ব্যবস্থাপনার উন্নয়ন | প্রধান কার্যালয়সহ বিভিন্ন আবিকাসমূহে টয়লেট ব্যবস্থাপনার উন্নয়ন এবং পানির সর্বোত্তম সাশ্রয়ী ব্যবহারের নিমিত্ত সভায় আলোচনা করা হয়। | কোম্পানিতে টয়লেট ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে পেট্রোবাংলার ন্যায় ওজুর ব্যবস্থা এবং পানির সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাব্যবস্থাপক (কন্সট্রাকশন) বরাবর পত্র প্রদান করতে হবে। | ১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>২। মহাব্যবস্থাপক (কন্সট্রাকশন) |
| ১.৭ | শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত কমিটি গঠণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী লক্ষ্যমাত্রা বাস্তবায়নে " শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন)নীতিমালা ২০২১" অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে কমিটি গঠনের বিষয়ে সভাপতি অভিমত ব্যক্ত করেন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী লক্ষ্যমাত্রা বাস্তবায়নে " শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা ২০২১" অনুসরণপূর্বক কমিটি গঠন। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৩.১ | দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য কর্মকর্তাদের নিয়ে সভার আয়োজন | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১-২০২২ কর্ম পরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে দুর্নীতি প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির জন্য অত্র কোম্পানির কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে সভা আয়োজনের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। | মে,২০২২ মাসের ৪র্থ সপ্তাহে আলোচ্য বিষয়ে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া প্রশিক্ষক হিসেবে বিআইএম-এর প্রতিনিধি-কে আমন্ত্রণ জানানোর জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। নৈতিকতা কমিটি। |

চলমান পাতা - ০২

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|
| ৩.২ | গাড়ির জ্বালানি ব্যবহারের যথার্থতা পরীক্ষণ | প্রধান কার্যালয়সহ বিভিন্ন আবিকায় ব্যবহৃত কোম্পানির নিজস্ব যানবাহনসমূহে জ্বালানি ব্যবহারের যথার্থতা পরীক্ষণের জন্য লগবহি যথাযথ পরীক্ষা করার জন্য লক্ষ্যমাত্রা বাস্তবায়নকারী ডিভিশনকে পুনরায় পত্র প্রদান করা যেতে পারে মর্মে সভায় আরোচনা হয়। | মহাব্যবস্থাপক (প্রশাসন) বরাবর প্রেরিত পত্রানুযায়ী গাড়ির লগবহি পরীক্ষা কাজের অগ্রগতি মনিটরিং করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপ-মহাব্যবস্থাপক (জেসাডি) |
| ৩.৩ | জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে সেবা গ্রহীতাদের সাথে গণশুনানীর আয়োজন | এ বিষয়ে কোম্পানি সচিব বলেন, বিগত বছরের ন্যায় পেট্রোবাংলার নৈতিকতা কমিটির আহবায়ক, ফোকাল পয়েন্ট, সকল বিপণন কোম্পানির নৈতিকতা কমিটির দু'জন করে প্রতিনিধি এবং অত্র কোম্পানির বৃহৎ শ্রেনির গ্রাহকদের অংশগ্রহণে আগামি জুন/২০২২ মাসের প্রথম সপ্তাহে গণশুনানীর আয়োজন করা যেতে পারে মর্মে সভায় উল্লেখ করেন। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা বাস্তবায়নে ৪র্থ কোয়ার্টারে জুন/২০২২ মাসের ১ম সপ্তাহে ০১টি গণশুনানীর আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। মহাব্যবস্থাপক (বিপণন-দক্ষিণ)<br>২। মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর) ও আহবায়ক,নৈতিকতা কমিটি।<br>৩। কোম্পানি সচিব ও ফোকাল পয়েন্ট ,নৈতিকতা কমিটি। |
| ৩.৪ | দুর্নীতি সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য প্রধান কার্যালয় ও আবিকাসমূহে অভিযোগ বক্স স্থাপন | দুর্নীতি সংক্রান্ত অভিযোগ জানানোর জন্য ইতোমধ্যে প্রধান কার্যালয় ও আবিকাসমূহে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে বলে সভায় জানানো হয়। অভিযোগ বাক্সে যাতে সহজে এবং নির্দ্বিধায় সকলে মতামত/অভিযোগ প্রদান করতে পারে সে বিষয়ে গ্রহণযোগ্য ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা করা হয়। | অভিযোগ বক্সটি সহজে দৃষ্টিগোচর হয় এমন চিহ্ন দ্বারা প্রদর্শন পূর্বক কোম্পানির প্রধান ফটক ও দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (জেসাডি) |
| | শুদ্ধাচার চর্চায় উদ্বুদ্ধ করণ | শুদ্ধাচার চর্চায় উদ্বুদ্ধ করার লক্ষ্যে নৈতিকতা কমিটির পক্ষ হতে কোম্পানির সকল কর্মকর্তা ও কর্মচারীকে শুভেচ্ছা উপহার হিসেবে দেয়াল ঘড়ি প্রদান সংক্রান্ত ইতোপূর্বেকার সিদ্ধান্ত বাস্তবায়ন। | শুভেচ্ছা উপহার হিসেবে শুদ্ধাচারের শ্লোগান সম্বলিত দেয়াল ঘড়িসমূহ সকল কর্মকর্তা/ কর্মচারিদের মধ্যে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, নৈতিকতা কমিটি।<br>২। সদস্য-সচিব, নৈতিকতা কমিটি। |

এছাড়া, পরিশেষে, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২১- ২০২২ অর্থবছরের প্রণীত কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সভায় প্রদত্ত সিদ্ধান্ত যথাসময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলে সচেষ্ট থাকার আশাবাদ ব্যক্ত করা হয়। আলোচনার অন্য কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭/৪/২০২২

(প্রকৌ. এ. বি. এম শরীফ)
মহাব্যবস্থাপক (বিপণন-উত্তর)
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি

অনুলিপি ঃ
০১। ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল, সিলেট।
০২। মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
০৩। দপ্তর নথি।

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

জালালাবাদ গ্যাস

# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
# Jalalabad Gas Transmission and Distribution System Ltd.
পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Petrobangla)

সূত্র নং - ২৮.১৬.৯১০০.০২৪.০৬.০০১.২২/ ৮৭৫ তারিখঃ ১২-০৪-২০২২

## সভার বিজ্ঞপ্তি

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) – এর জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) ২০২১-২০২২ অর্থবছরের কর্মপরিকল্পনা পরিবীক্ষণ কাঠামোর কার্যক্রমসমূহের ৪র্থ ত্রৈমাসিক( এপ্রিল,২০২২ হতে জুন,২০২২ পর্যন্ত) সভা ১৩ এপ্রিল,২০২২ সকাল ১০.০০ ঘটিকায় কমিটি রুমে অনুষ্ঠিত হবে। কমিটির সকল সদস্যকে যথাসময়ে সভায় উপস্থিত থেকে কমিটির কার্যক্রম বাস্তবায়নে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

12.4.2022

(মোঃ রফিকুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক (লিগাল এ্যাফেয়ার্স)
ও
সদস্য সচিব, কমিটি ।

বিতরণঃ কমিটির আহবায়ক,ফোকাল পয়েন্ট ও সকল সদস্যবৃন্দ ------- -------- --জেজিটিডিএসএল,সিলেট।

অনুলিপিঃ

০১। মহাব্যবস্থাপক (প্রশাসন),জেজিটিডিএসএল,সিলেট ।
০২। উপব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল,সিলেট ।
০৩। সংশ্লিষ্ট নথি।

Head Office : Gas Bhaban, Mendibag, Sylhet-3100, Post Box No-51, Bangladesh. Tel : 0821-712194,714232,716291, Fax : 880-821-716964
Liaison Office : Petrobangla, Petrocentre (Level-14), 3 Kawran Bazar, Dhaka-1215, Phone: 02-55013812, 02-55013813,Hot Line: 16511
E-mail: md@jalalabadgas.org.bd, jgtdslho@gmail.com, jgtdsldlo@gmail.com, Web : www.jalalabad